



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd



নং-বিবিধ/কলেজ/২০২০/১১৯১

তারিখ : ২১/০১/২০২৪

জরুরি বিজ্ঞপ্তি


বিষয়ঃ “জাতীয় বীমা দিবস-২০২৪” উপলক্ষে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং-১০০৮/সংস্থা/২০১৮/৭৭২, তারিখ: ২১/০১/২০২৪খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০১ মার্চ ২০২৪ খ্রি. “জাতীয় বীমা দিবস-২০২৪” উদযাপন উপলক্ষে বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ও সমমানের শিক্ষার্থীদের অংশগ্রহণে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বর্ণিত রচনা প্রতিযোগিতায় সফলভাবে অংশগ্রহণের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের সংযুক্ত বিজ্ঞপ্তি অনুসরণপূর্বক এ বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অর্থ মন্ত্রণালয়ের জারিকৃত “জাতীয় বীমা দিবস-২০২৪” এর প্রতিযোগিতার বিজ্ঞপ্তি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে


২২/০১/২০২৪

প্রফেসর আবু তালেব মো: মোয়াজ্জেম হোসেন
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১২৪৭৬

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্নমাধ্যমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বিদ্যালয় ও কলেজ।

সংযুক্তি: অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত “জাতীয় বীমা দিবস-২০২৪” প্রতিযোগিতার বিজ্ঞপ্তি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
www.fid.gov.bd

রচনা প্রতিযোগিতা

জাতীয় বীমা দিবস-২০২৪ উপলক্ষে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে।
রচনার গুণ ও বিষয়বস্তু নিম্নরূপঃ

গুণ	বিষয়বস্তু
'ক' (বিদ্যালয়/মহাবিদ্যালয়/সমমান)	বীমা শিল্পের অগ্রযাত্রায় বঙ্গবন্ধু
'খ' (বিশ্ববিদ্যালয়/সমমান)	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বীমা শিল্পের ভূমিকা

'ক' গুণের জন্য ১০০০ এবং 'খ' গুণের জন্য ১৫০০ শব্দের মধ্যে বাংলায় নিজ হাতে পরিষ্কার হস্তাক্ষরে রচনা A4 সাইজের কাগজে এক পাশে লিখতে হবে (উভয় পৃষ্ঠায় নয়)। রচনার সাথে প্রত্যেক শিক্ষার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মোবাইল নম্বর এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পরিচয়পত্রের ফটোকপি (প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।

আগামী ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. বিকেল ৪.০০ টার মধ্যে "সদস্য-সচিব, রচনা প্রতিযোগিতা আয়োজন বিষয়ক উপ-কমিটি, কক্ষ নম্বর- ৩৩৬, ভবন নম্বর-০৭, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০" ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে/কুরিয়ারে/ই-মেইলে bimaessaycom2024@gmail.com (যে কোনো একটি মাধ্যমে) প্রেরণ করতে হবে। একাধিক মাধ্যমে এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত রচনা বাতিল বলে গণ্য হবে। খামের উপরে/ই-মেইলের subject এ গুণ ও রচনার শিরোনাম উল্লেখ করতে হবে।

'ক' ও 'খ' গুণ থেকে আলাদা আলাদাভাবে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদেরকে যথাক্রমে ২৫,০০০/-, ২০,০০০/- ও ১৮,০০০/- টাকা মূল্যমানের প্রাইজবন্ড ছাড়াও সনদ, ক্রেস্ট ও বই পুরস্কার প্রদান করা হবে।

প্রতিযোগিতার বিষয়ে উপ-কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জেহাদ উদ্দিন)

উপসচিব

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

ও

সদস্য-সচিব

রচনা প্রতিযোগিতা আয়োজন বিষয়ক উপ-কমিটি

জাতীয় বীমা দিবস-২০২৪

২০/০২/২০২৪

Received
২০/০২/২৪